



বিজ্ঞপ্তি নং- ১৪০

এ,

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সীমিত পরিসরে বিচারিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

দেশব্যাপী করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং প্রজ্ঞাপনমূলে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান আগামী ১৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখ মধ্যরাত পর্যন্ত বন্ধ রাখাসহ সার্বিক কার্যাবলি/চলাচলে সরকার কর্তৃক বিধিনিষেধ আরোপ করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে জনগণের সাংবিধানিক অধিকার রক্ষার্থে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সীমিত পরিসরে বিচারিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্তৃক বিগত ১১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তি নং-১৩৪ এর ধারাবাহিকতায় ০৫/০৪/২০২১ খ্রি. তারিখ হতে এফিডেভিটকৃত অতীব জরুরী বিষয়ে রীট, দেওয়ানী ও ফৌজদারী এবং কোম্পানী ও অ্যাডমিরালটি সংক্রান্তে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি কর্তৃক গঠিত বেঞ্চসমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে শুধু ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে শুনানী করবেন। সংশ্লিষ্ট আদালত মামলার শুনানীর তারিখ ও সময় নির্ধারণ করবেন।

০৩। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোন : ৯৫১৪৬৪৬


E-mail: registrar_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ২৪৯৪

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. বেঞ্চ অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)।
১২. নোটিশ বোর্ড।


(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
হাইকোর্ট বিভাগ